সংবাদ

তারিখ 01 JUN 2016
পৃষ্ঠা ১১ কলাম ১

# ফেসবুকে ধর্ম অবমাননা সন্দেহে শিক্ষক বরখাস্ত

## মন্তব্যটি অন্যের পাঠানো দাবি শিক্ষকের

**প্রতিনিধি, শেরপুর (বগুড়া)**

ফেসবুকে ধর্ম অবমাননা ও হযরত মুহম্মদ (সাঃ) সম্পর্কে কটূক্তির অভিযোগে বগুড়ার শেরপুরে গত সোমবার এক স্কুল শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

অভিযুক্ত শিক্ষক হলেন- শেরপুর উপজেলার কল্যাণী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বিএসসি) বিপ্লব কুমার। তিনি শেরপুর উপজেলার বিশালপুর ইউনিয়নের সিরাজনগর গ্রামের মৃত সুবল চন্দ্র সরকারের ছেলে। কল্যাণী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুদেব চন্দ্র পাল জানান, ওই শিক্ষকের বিরুদ্ধে তার ব্যক্তিগত ফেসবুক আইডিতে (কৃষ্ণ কুমার) ইসলাম ধর্ম ও হযরত মুহম্মদ (সাঃ) সম্পর্কে অশালীন উক্তি থাকায় রোববার এলাকাবাসী তীব্র ক্ষোভ প্রকাশ করে। এ ব্যাপারে গত সোমবার সকাল ১০টার দিকে শত শত এলাকাবাসী স্কুলে গিয়ে ওই শিক্ষকের শাস্তির দাবি করলে ম্যানেজিং কমিটির জরুরি সভায় তাকে সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত নেয়া হয়েছে। ম্যানেজিং কমিটির সভাপতি ইসরাইল হোসেন বাদল বিশ্বাস বহিষ্কারের সিদ্ধান্তের কথা স্বীকার করেছেন। তিনি আরও জানান, ওই শিক্ষক দেড় বছর পূর্বে বিদ্যালয়ে যোগ দিয়েছিলেন। এদিকে অভিযুক্ত শিক্ষক বিপ্লব কুমার জানান, আমার ফেসবুক আইডিতে যা ছিল তা আমার লেখা নয়। এটা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র। উপজেলা নির্বাহী কর্মকর্তা একেএম সরোয়ার জাহান জানান, বিষয়টি আমি শুনে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলেছি।